

## রাবি ভর্তি পরীক্ষার্থীদের জন্য এবারও চলবে বিমানের বিশেষ ফ্লাইট

- A Monitor Desk Report

Date: 02 March, 2024



ঢাকা: রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) ভর্তি পরীক্ষার্থী ও অভিভাবকদের যাতায়াত সুবিধার কথা বিবেচনা করে ঢাকা-রাজশাহী-ঢাকা রুটে গতবছরের মতো এবারও বিশেষ ফ্লাইট চালাবে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স।

বিষয়টি নিশ্চিত করেছেন বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের রাজশাহী জেলা ব্যবস্থাপক মহিদুল ইসলাম শান্ত।

তিনি বলেন, ‘বিষয়টি চূড়ান্ত পর্যায়ে চলে এসেছে। আগামী দু একদিনের মধ্যে আমরা শিডিউল পাবলিশ করে দেবো। এরপরই সেটি অনলাইনে অ্যাভেইলবল থাকবে।’

‘গতবছরই প্রথমবার রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষাকে ঘিরে বিমান বাংলাদেশ বিশেষ ফ্লাইটের ব্যবস্থা করেছিল। সোশ্যালি ও কমার্শিয়ালি গতবার আমরা সাকসেসফুল হয়েছিলাম। বিমানও সেটি অ্যাপ্রিশিয়েট করেছিল। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের এ বছরের ভর্তি পরীক্ষায়ও শিক্ষার্থী ও অভিভাবকদের যাতায়াতের বিষয়টি চিন্তা করে আগামী ৫, ৬, ৭ ও ৮ মার্চ বিমান বাংলাদেশ বিশেষ ফ্লাইটের ব্যবস্থা করবে’, যোগ করেন মহিদুল ইসলাম শান্ত।

আগামী ৫ মার্চ ‘সি’ ইউনিট, ৬ মার্চ ‘এ’ ইউনিট এবং ৭ মার্চ ‘বি’ ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। গতবছরের মতো এবারও দ্বিতীয়বার ভর্তি পরীক্ষার সুযোগ থাকছে। এবারের ভর্তি পরীক্ষায় গতবছরের মতো ৮০টি বহুনির্বাচনী প্রশ্নের মান হবে ১০০ নম্বর। এক ঘণ্টার পরীক্ষায় প্রতিটি বহুনির্বাচনী প্রশ্নের মান হবে ১.২৫। ভর্তি পরীক্ষার্থী ১ লাখ ৮৫ হাজার ৬৮০ জন।

-B